কালের কণ্ঠ

তারিখ: 04 SEP 2016
পৃষ্ঠা: ১৩ কলাম: ৬

# মাদার তেরেসাকে নিয়ে বইয়ের মোড়ক উন্মোচন

নিজস্ব প্রতিবেদক ▷

মুক্তিযুদ্ধে শরণার্থী শিবিরে সহায়তাকারীদের মধ্যে অন্যতম ছিলেন মাদার তেরেসা। মুক্তিযুদ্ধের পরও নানা দুর্যোগে এ দেশের মানুষ তাঁর ও তাঁর প্রতিষ্ঠানের সহায়তা পেয়েছে।

গতকাল শনিবার এক অনুষ্ঠানে মহীয়সী এই মানবতাবাদী নারীর স্মরণে এ কথা বলেন জাতীয় সংসদের চিফ হুইপ আ স ম ফিরোজ। জাতীয় প্রেস ক্লাবে মাদার তেরেসা রিসার্চ সেন্টার কর্তৃক আয়োজিত ওই অনুষ্ঠানে মাদার তেরেসা রিসার্চ সেন্টারের চেয়ারম্যান গোলাম কাদের রচিত 'মৃত্যুঞ্জয়ী মাদার তেরেসা : জীবন ও কর্ম' এবং আব্দুল মান্নান রচিত 'মায়ের প্রতি আরজের ভালবাসা' শীর্ষক দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

এ ছাড়া অনুষ্ঠানে দেশ ও সমাজসেবায় উল্লেখযোগ্য অবদানের জন্য বিশিষ্ট ব্যক্তিদের 'মাদার তেরেসা মেমোরিয়াল অ্যাওয়ার্ড ২০১৬' প্রদান করা হয়।